# বার্ষিক প্রতিবেদন
# ২০১৭-২০১৮




## আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

ইউনেস্কো ক্যাটিগরি-২ ইনস্টিটিউট

# সূচিপত্র


আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট প্রতিষ্ঠার পটভূমি ০২

২০১৭-২০১৮ অর্থবছরে সম্পাদিত কার্যাবলি

- মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ উদ্‌যাপন ০২
- আন্তর্জাতিক সেমিনার ০৩
- শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ০৪
- জাতীয় সেমিনার ০৫

উপভাষা বিষয়ক কর্মশালা

- সিলেট বিভাগ ০৬
- বরিশাল বিভাগ ০৭
- রাজশাহী বিভাগ ০৮
- চট্টগ্রাম বিভাগ ০৯

প্রশিক্ষণ কর্মসূচি

- প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তাদের প্রশিক্ষণ ১০
- সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণ ১১
- প্রাথমিক বিদ্যালয়ের (ক্ষুদ্র নৃ-গোষ্ঠীয় জাতিসত্তাভুক্ত) শিক্ষকদের প্রশিক্ষণ ১১
- সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণ

প্রকাশনা ১২

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প ১২

বাংলাদেশের নৃভাষাবৈজ্ঞানিক সমীক্ষা কার্যক্রম ১২

ব্যয়বিবরণী

- আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) ১৩
- আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়) ১৫

# আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট প্রতিষ্ঠার পটভূমি

অমর একুশে ফেব্রুয়ারিকে ১৯৯৯ সালের ১৭ নভেম্বর জাতিসংঘের ইউনেস্কো কর্তৃক আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করা হয়। এই ঘোষণা শুধু বাংলা ভাষা নয়, বিশ্বের সকল মাতৃভাষার ইতিহাসে এক অভূতপূর্ব ঘটনা। বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৭ ডিসেম্বর ১৯৯৯ পল্টন ময়দানে অনুষ্ঠিত বিশাল জনসভায় ঘোষণা করেন, 'পৃথিবীর বিকাশমান ও বিলুপ্তপ্রায় ভাষাগুলির মর্যাদা ও অধিকার রক্ষায় গবেষণা করার জন্য ঢাকায় একটি আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন করা হবে।' সে-অনুযায়ী তিনি ১৫ মার্চ ২০০১ ঢাকার সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এ-অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জাতিসংঘের তৎকালীন মহাসচিব কফি এ. আনান। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১০ সালের অমর একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) ভবনের শুভ উদ্বোধন করেন। ইনস্টিটিউটের গুরুত্বপূর্ণ লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ হচ্ছেঃ পৃথিবীর বিভিন্ন দেশ ও ক্ষুদ্র জাতিসমূহের ভাষা সংগ্রহ, সংরক্ষণ, ভাষাবিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা এবং বাংলাসহ অন্যান্য ভাষা আন্দোলনের বিষয়ে তথ্যসংগ্রহ, গবেষণা ও ইউনেস্কোর সদস্য দেশসমূহের মধ্যে এ-সংক্রান্ত ইতিহাস বিনিময়। আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট জানুয়ারি ২০১৬ ইউনেস্কো ক্যাটিগরি-২ প্রতিষ্ঠানের মর্যাদা লাভ করে।

# ২০১৭-২০১৮ অর্থবছরে সম্পাদিত কার্যাবলি

## মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ উদ্‌যাপন

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ উদ্‌যাপন উপলক্ষে ৪ (চার) দিনব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানমালার শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি-র সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসা বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কাজী কেরামত আলী এম.পি। শ্রীলংকার ন্যাশনাল কোএক্সিসটেন্স, ডায়ালগ অ্যান্ড অফিসিয়াল ল্যাঙ্গুয়েজেস মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মানুগনেশন প্রণীত প্রবন্ধ উপস্থাপন করেন উক্ত মন্ত্রণালয়ের সচিব জনাব ডব্লিউ.এম.পি.জি. বিক্রমাসিংহে। ধন্যবাদ জ্ঞাপন করেন ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক জীনাত ইমতিয়াজ আলী। অনুষ্ঠানে ইউনেস্কোর প্রতিনিধি হিসেবে আরও উপস্থিত ছিলেন ইউনেস্কো ঢাকা অফিসের প্রধান বিয়েট্রিস কালডুন।




শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮-এর উদ্বোধনী অনুষ্ঠানে
ভাষণ দিচ্ছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

## আন্তর্জাতিক সেমিনার

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ উদ্‌যাপনের ধারাবাহিকতায় ২২ ফেব্রুয়ারি ২০১৮ অনুষ্ঠিত হয় আন্তর্জাতিক সেমিনার। এ সেমিনারের বিষয় ছিল: 'Language Documentation and Revitalization'। এ সেমিনারের উদ্বোধনী অধিবেশনের প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান এবং সভাপতি ছিলেন অধ্যাপক জীনাত ইমতিয়াজ আলী, মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট। শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন ইনস্টিটিউটের পরিচালক ও অতিরিক্ত সচিব শেখ মোঃ কাবেদুল ইসলাম এবং বিশেষ বক্তব্য প্রদান করেন ইউনেস্কো ঢাকা অফিসের প্রধান বিয়েট্রিস কালডুন।

একই দিনে অনুষ্ঠিত সেমিনারে প্রথম অধিবেশনে সভাপতিত্ব করেন সেন্ট্রাল ইনস্টিটিউট অব ইন্ডিয়ান ল্যাঙ্গুয়েজেস-এর প্রতিষ্ঠাতা পরিচালক ড. ডি. পি পট্টনায়ক। অধিবেশনে প্রথম প্রবন্ধ উপস্থাপন করেন শ্রীলংকার কলম্বো ইউনিভার্সিটির সিন্‌হালা বিভাগের প্রফেসর ইমেরিটাস জে. বি দিসানায়াকা। যৌথভাবে দ্বিতীয় প্রবন্ধ উপস্থাপন করেন চীনের ইন্টারন্যাশনাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং সেন্টার ফর রুরাল এডুকেশনের মিজ জি ই এবং মিজ হু জুনিও। এ অধিবেশনের তৃতীয় প্রাবন্ধিক ছিলেন নেপালের ত্রিভুবন ইউনিভার্সিটির অধ্যাপক ড. যোগেন্দ্র পি. যাদব।

সেমিনারের দ্বিতীয় অধিবেশনে সভাপতি ছিলেন প্রথিতযশা ভাষাবিজ্ঞানী, ভাষাসৈনিক এবং ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস, বাংলাদেশের ইমেরিটাস অধ্যাপক রফিকুল ইসলাম। অধিবেশনে বিশেষ বক্তব্য উপস্থাপন করেন চৌধুরী মুফাদ আহমেদ, অতিরিক্ত সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। সেমিনারের চতুর্থ প্রবন্ধ উপস্থাপন করেন নেপালের ত্রিভুবন ইউনিভার্সিটির অধ্যাপক ড. দানরাজ রেগমি। সেমিনারের পঞ্চম ও শেষ প্রবন্ধ উপস্থাপন

উপস্থাপন করেন সেন্ট্রাল ইনস্টিটিউট অব ইন্ডিয়ান ল্যাঙ্গুয়েজেস-এর প্রতিষ্ঠাতা পরিচালক ড. ডি. পি পট্টনায়ক।




আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ উপলক্ষে আয়োজিত আন্তর্জাতিক সেমিনারে অংশগ্রহণকারী অতিথিবৃন্দ

## শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা

ইনস্টিটিউট চত্বরে ২৪শে ফেব্রুয়ারি ২০১৮ তারিখে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। সকাল ০৯:৩০টায় প্রতিযোগিতা শুরু হয়। ইউনেস্কোর এএসপি নেটভুক্ত স্কুলসমূহসহ অন্যান্য স্কুল এবং বাংলাদেশে অবস্থিত বিদেশি দূতাবাসসমূহের প্রায় ২৬২ (দুইশত বাষট্টি) জন শিশু এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। বিচারকের দায়িত্ব পালন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের প্রিন্টমেকিং-এর অধ্যাপক সৈয়দ আবুল বারক্ আলভী, বাংলাদেশ শিল্পকলা একাডেমির ইন্সট্রাক্টর (চারুকলা) খন্দকার রেজাউল হাশেম ও বাংলাদেশ টেলিভিশনের কন্ট্রোলার (ডিজাইন) জাহিদ মোস্তফা। প্রতিযোগিতাশেষে শিশুদের মধ্যে পুরস্কার ও সনদ বিতরণ করেন অনুষ্ঠানের প্রধান অতিথি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ।



আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ উপলক্ষে আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় আগত অতিথিবৃন্দ ও অংশগ্রহণকারী শিশুরা

## জাতীয় সেমিনার

২৫শে ফেব্রুয়ারি জাতীয় সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারের বিষয় ছিল: 'বহুভাষিক শিক্ষা ও জাতীয় উন্নয়ন'। এ সেমিনার দুটি অধিবেশনে বিভক্ত ছিল। প্রথম অধিবেশনে সভাপতিত্ব করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক জীনাত ইমতিয়াজ আলী। স্বাগত বক্তব্য ও প্রতিপাদ্য উপস্থাপন করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের প্রাক্তন পরিচালক ও অতিরিক্ত সচিব শেখ মোঃ কাবেদুল ইসলাম। বিশেষ বক্তব্য প্রদান করেন বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের সচিব মোঃ মনজুর হোসেন এবং ইউনেস্কো ঢাকা অফিসের প্রধান বিয়েট্রিস কালডুন।

একই দিনে অনুষ্ঠিত সেমিনারে প্রথম অধিবেশনে সভাপতিত্ব করেন প্রথিতযশা ভাষাবিজ্ঞানী, ভাষাসৈনিক এবং ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস, বাংলাদেশ-এর ইমেরিটাস অধ্যাপক রফিকুল ইসলাম। অধিবেশনে প্রথম প্রবন্ধ উপস্থাপন করেন প্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশের হেড অফ এডুকেশন মুর্শিদ আকতার। দ্বিতীয় প্রবন্ধ উপস্থাপন করেন সমাজ সংগঠক ও উন্নয়নকর্মী মথুরা বিকাশ ত্রিপুরা।

সেমিনারের দ্বিতীয় অধিবেশনে সভাপতি ছিলেন প্রধানমন্ত্রীর প্রাক্তন মুখ্য সচিব, বিশিষ্ট কবি ও নৃবিজ্ঞানী ড. কামাল আবদুল নাসের চৌধুরী। অধিবেশনে বিশেষ বক্তব্য উপস্থাপন করেন চৌধুরী মুফাদ আহমেদ, অতিরিক্ত সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। সেমিনারের তৃতীয় প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাষাবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সৌরভ সিকদার। চতুর্থ ও শেষ প্রবন্ধ উপস্থাপন করেন সেভ দ্য চিলড্রেন-এর নৃ-গোষ্ঠীর শিশুদের শিক্ষা প্রকল্পের পরিচালক মেহেরুন নাহার স্বপ্না।




২৫শে ফেব্রুয়ারি ২০১৮ অনুষ্ঠিত জাতীয় সেমিনারে অংশগ্রহণকারী অতিথিবৃন্দ

## উপভাষা বিষয়ক কর্মশালা

### সিলেট বিভাগ

সিলেট অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা শীর্ষক কর্মশালা সিলেট বিভাগীয় কমিশনারের কার্যালয়ের বহুতল ভবনের নিচতলার সম্মেলন কক্ষে গত ৩০ জুলাই ২০১৭ তারিখে বৃহত্তর সিলেট জেলার বাংলা উপভাষা নিয়ে অনুষ্ঠিত হয় 'সিলেট অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা' শীর্ষক কর্মশালা। সকাল ৯টা থেকে বিকাল ৩টা পর্যন্ত অনুষ্ঠিত এ-কর্মশালার আয়োজন ও অর্থায়ন করে শিক্ষা মন্ত্রণালয়াধীন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) এবং কর্মশালা বাস্তবায়নে সার্বিক সহযোগিতা দেয় বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। সিলেট বিভাগের ৪টি জেলা– সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ ও সুনামগঞ্জ থেকে বাংলা উপভাষা বিষয়ক গবেষক, সরকারি কলেজ ও বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞ-অধ্যাপক, কবি-সাহিত্যিক, সংস্কৃতিকর্মী, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক এবং সরকারি কর্মকর্তাগণ অংশগ্রহণকারী হিসেবে উপস্থিত ছিলেন। কর্মশালায় সভাপতিত্ব করেন সিলেট বিভাগের বিভাগীয় কমিশনার ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব ড. মোছাম্মৎ নাজমানারা খানুম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. মোহাম্মদ সাদিক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের সচিব ও সংস্কৃতি মন্ত্রণালয়ের সাবেক সচিব বেগম আকতারী মমতাজ, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ এবং আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের অন্তবর্তীকালীন মহাপরিচালক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব শেখ মোঃ কাবেদুল ইসলাম।




৩০ জুলাই ২০১৭ তারিখে সিলেট বিভাগে অনুষ্ঠিত কর্মশালার প্রধান অতিথি
ড. মোহাম্মদ সাদিক, মাননীয় চেয়ারম্যান, বাংলাদেশ সরকারি কর্মকমিশন ও অন্যান্য

এ-কর্মশালায় কৌশলপত্র (concept paper) উপস্থাপন করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের প্রাক্তন পরিচালক (ভাষা, গবেষণা ও প্রশিক্ষণ) ড. মোঃ মহিউদ্দিন। কৌশলপত্র উপস্থাপনের পর অংশগ্রহণকারী বিশেষজ্ঞগণের মধ্য থেকে কিছু প্রশ্ন উত্থাপিত হয়। সেসব প্রশ্নের তাৎক্ষণিক জবাব ও ব্যাখ্যা প্রদান করেন ইনস্টিটিউটের অন্তবর্তীকালীন মহাপরিচালক। অতঃপর শুরু হয় উন্মুক্ত আলোচনা।

## বরিশাল বিভাগ

বরিশাল অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা শীর্ষক কর্মশালা বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশালের আয়োজনে ২৪ আগস্ট ২০১৭ সার্কিট হাউজ হলরুম, বরিশালে দিনব্যাপী অনুষ্ঠিত হয় 'বরিশাল অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা' শীর্ষক কর্মশালা। এ কর্মশালায় আমন্ত্রিত বিশেষজ্ঞ পর্যায়ের অথিতিবৃন্দ ছিলেন বরিশাল বিভাগের ছয়টি জেলা–বরিশাল, বরগুনা, পটুয়াখালী, ঝালকাঠী, পিরোজপুর ও ভোলা-থেকে আগত বাংলা ভাষা ও উপভাষা বিষয়ক গবেষক-পণ্ডিত, কবি-সাহিত্যিক, সরকারি-বেসরকারি কর্মকর্তাবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক ও বরিশাল অঞ্চলের সংস্কৃতিকর্মীগণ। কর্মশালাটি দুটি পর্বে ভাগ করে পরিচালিত হয়। প্রথম পর্বে উপস্থিত ছিল সম্মানিত অতিথিবৃন্দের পরিচিতিপর্ব, 'বরিশাল অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা' বিষয়ক মূল কৌশলপত্র পাঠ ও তার ওপর পর্যালোচনা এবং বিভিন্ন প্রশ্নোত্তর। দ্বিতীয় পর্বে অংশগ্রহণকারী বিশেষজ্ঞ অতিথিবৃন্দ বরিশাল অঞ্চলের উপভাষার রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা–এ তিনটি বিষয়ের ওপর দলভিত্তিক আলোচনা করে লিপিবদ্ধ করা হয় ও এরপর তা উপস্থাপন করা হয়। এপর্যায়ে আরো ছিল দলভিত্তিক আলোচনার বিষয়গুলোর ওপর সুনির্দিষ্ট প্রশ্নোত্তর পর্ব।

বরিশালের বিভাগীয় কমিশনার জনাব মোঃ শহিদুজ্জামান (অতিরিক্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার) প্রধান অতিথি হিসেবে এ কর্মশালায় উপস্থিত ছিলেন। কর্মশালায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের অন্তবর্তীকালীন মহাপরিচালক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব শেখ মোঃ কাবেদুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের প্রাক্তন পরিচালক (ভাষা, গবেষণা ও প্রশিক্ষণ) ড. মোঃ মহিউদ্দিন ইনস্টিটিউটের পক্ষে কৌশলপত্র পাঠ করেন।




২৪ আগস্ট ২০১৭ বরিশাল বিভাগে অনুষ্ঠিত কর্মশালায় উপস্থিত বিশিষ্ট অভ্যাগতবৃন্দ

## রাজশাহী বিভাগ

রাজশাহী অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা শীর্ষক কর্মশালা শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের আওতাধীন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর তত্ত্বাবধানে এবং রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ের আয়োজনে গত ১০ এপ্রিল ২০১৮ রাজশাহী সার্কিট হাউজ হলরুমে অনুষ্ঠিত হয় 'রাজশাহী অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা' শীর্ষক দিনব্যাপী কর্মশালা। এ কর্মশালায় আমন্ত্রিত বিশেষজ্ঞ পর্যায়ের অতিথি ছিলেন রাজশাহী বিভাগের ৮টি জেলা–রাজশাহী, নাটোর, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট থেকে আগত বাংলা ভাষা ও উপভাষাবিষয়ক গবেষক-পণ্ডিত, কবি-সাহিত্যিক, সরকারি-বেসরকারি কর্মকর্তা, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক ও রাজশাহী অঞ্চলের সংস্কৃতিকর্মীবৃন্দ। কর্মশালা, দুটি পর্বে বিভক্ত ছিল। প্রথম পর্বে ছিল উপস্থিত সম্মানিত অতিথি ও অংশগ্রহণকারীগণের পরিচিতি 'রাজশাহী অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা' বিষয়ক মূল কৌশলপত্র পাঠ এবং সে-সম্পর্কে বিভিন্ন প্রশ্নোত্তর। দ্বিতীয় পর্বে ছিল রাজশাহী অঞ্চলের উপভাষার রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা– এ তিনটি বিষয় সম্পর্কে অংশগ্রহণকারীগণের দলভিত্তিক আলোচনা লিপিবদ্ধকরণ, উপস্থাপন ও প্রশ্নোত্তর।



৩০ এপ্রিল ২০১৮ রাজশাহী বিভাগে অনুষ্ঠিত কর্মশালার ভিডিও কনফারেন্সিং পর্ব

রাজশাহী বিভাগীয় কমিশনার (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব) জনাব মোঃ নূর-উর-রহমান প্রধান অতিথি হিসেবে কর্মশালার উদ্বোধন করেন। কর্মশালায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের প্রাক্তন পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব শেখ মোঃ কাবেদুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালকের পক্ষে তিনি কর্মশালার কৌশলপত্র পাঠ করেন। এটি উপস্থাপিত হলে আমন্ত্রিত অতিথিবৃন্দ বিষয়টির সময়োপযোগিতা ও গুরুত্ব স্বীকার করেন। এপর্যায়ে স্কাইপ (Skype) ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে পঠিত কৌশলপত্র সম্পর্কে উত্থাপিত নানাবিধ প্রশ্নের উত্তর দেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক জীনাত ইমতিয়াজ আলী। অতঃপর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের লক্ষ্য-উদ্দেশ্য এবং বর্তমান কর্মকাণ্ড সম্বন্ধে সবাইকে অবহিত করা হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন রাজশাহী বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার জনাব মোঃ আমিনুল ইসলাম।

## চট্টগ্রাম বিভাগ

চট্টগ্রাম অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা শীর্ষক কর্মশালা শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অধীন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর তত্ত্বাবধানে এবং চট্টগ্রাম বিভাগীয় কমিশনারের কার্যালয়ের আয়োজনে ১৪ মে ২০১৮ সার্কিট হাউজ হলরুমে দিনব্যাপী অনুষ্ঠিত হয় 'চট্টগ্রাম অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা' শীর্ষক কর্মশালা। এ কর্মশালায় আমন্ত্রিত অংশগ্রহণকারীদের মধ্যে ছিলেন চট্টগ্রাম বিভাগের ১১টি জেলা–বান্দরবান, ব্রাহ্মণবাড়ীয়া, কুমিল্লা, চাঁদপুর, লক্ষ্মীপুর, ফেনী, নোয়াখালী, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, চট্টগ্রাম ও কক্সবাজার থেকে আগত বাংলা ভাষা ও উপভাষা বিষয়ক বিশেষজ্ঞ পর্যায়ের অতিথি, গবেষক-পণ্ডিত, কবি-সাহিত্যিক, সরকারি-বেসরকারি কর্মকর্তা, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক ও চট্টগ্রাম অঞ্চলের সংস্কৃতিকর্মীবৃন্দ। কর্মশালাটি দু'টি পর্বে পরিচালিত হয়। প্রথম পর্বে ছিল উপস্থিত ও সম্মানিত অতিথিবৃন্দের পরিচিতি, 'চট্টগ্রাম অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা' বিষয়ক মূল কৌশলপত্র পাঠ এবং তৎসংক্রান্ত বিভিন্ন প্রশ্নোত্তর। প্রশ্নোত্তর পর্বে অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর স্কাইপ (skype)-এর মাধ্যমে প্রদান করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক ড. জীনাত ইমতিয়াজ আলী।




১৪ মে ২০১৮ চট্টগ্রাম বিভাগে অনুষ্ঠিত কর্মশালায় উপস্থিত অতিথিবৃন্দ

দ্বিতীয় পর্বে ছিল চট্টগ্রাম অঞ্চলের উপভাষার রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা–এ তিন বিষয় সম্পর্কে অংশগ্রহণকারীগণের দলভিত্তিক আলোচনা, বিভিন্ন সুপারিশ লিপিবদ্ধকরণ ও উপস্থাপন এবং দলভিত্তিক আলোচনার বিষয়গুলো নিয়ে সুনির্দিষ্ট প্রশ্নোত্তর।

চট্টগ্রামের বিভাগীয় কমিশনার জনাব মোঃ আবদুল মান্নান (অতিরিক্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার)-এর অনুপস্থিতিতে প্রধান অতিথি হিসেবে কর্মশালার উদ্বোধন করেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) ও অতিরিক্ত সচিব জনাব শংকর রঞ্জন সাহা।

কর্মশালায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের প্রাক্তন পরিচালক (অতিরিক্ত সচিব) শেখ মোঃ কাবেদুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পক্ষে কর্মশালার কৌশলপত্র পাঠ করেন। কৌশলপত্রটি উপস্থাপিত হলে আমন্ত্রিত অথিতিবৃন্দ বিষয়টির সময়োপযোগিতা ও গুরুত্ব স্বীকার করেন। কৌশলপত্রে উপস্থাপিত বিষয়ে নানাবিধ জিজ্ঞাসার উত্তর ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে প্রদান করেন ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক জীনাত ইমতিয়াজ আলী। আমাই পরিচালক শেখ মোঃ কাবেদুল ইসলাম ইনস্টিটিউটের লক্ষ্য-উদ্দেশ্য এবং বর্তমান কর্মকাণ্ড সম্বন্ধে সবাইকে অবহিত করেন।

এ কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন চট্টগ্রামের স্থানীয় সরকার বিভাগের পরিচালক (অতিরিক্ত সচিব) জনাব দীপক চক্রবর্তী। কর্মশালায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন) জনাব নূরুল আলম নিজামী।

## প্রশিক্ষণ কর্মসূচি

### প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তাদের প্রশিক্ষণ

বিভিন্ন সরকারি মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তরসমূহে কর্মরত প্রথম শ্রেণির কর্মকর্তাদের দাপ্তরিক কাজে বাংলা ভাষার যথাযথ ব্যবহার ও দতক্ষা বৃদ্ধির লক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক ‘সরকারি কর্মকর্তাদের দাপ্তরিক কাজে ও যোগাযোগ প্রক্রিয়ায় প্রমিত বাংলাভাষার ব্যবহার’ শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা হয়। এ কর্মসূচির আওতায় ৩টি ব্যাচে মোট ৭৭ (সাতাত্তর) জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়। ভাষাবিজ্ঞানী, ভাষাবিশেষজ্ঞ, মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, আইটি বিশেষজ্ঞ ও আমাই-এর ফ্যাকাল্টিসহ প্রশিক্ষণ বিশেষজ্ঞগণ বিভিন্ন সেশন পরিচালনা করেন।



১৩-১৭ মে ২০১৮ অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী ও ইনস্টিটিউটের কর্মকর্তাবৃন্দ

প্রশিক্ষণের বিষয় ছিল বাংলাভাষার উদ্ভব ও ধারাবাহিকতা : প্রায়োগিক বিবেচনা, প্রমিত বাংলা উচ্চারণ ও আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার ব্যবহার এবং লিখনবিধির সাহায্যে বাংলা শব্দের উচ্চারণ নির্দেশ, প্রমিত বাংলা বানানের নিয়ম, দাপ্তরিক কাজে পরিভাষার ব্যবহার, সরকারি বিভিন্ন যোগাযোগ প্রক্রিয়া, সরকারি যোগাযোগ প্রক্রিয়ায় বাংলাভাষার প্রয়োগ-অপপ্রয়োগ, উপযুক্ত বিরামচিহ্নের ব্যবহার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে বাংলাভাষার ব্যবহার, বাংলা ভাষায় নোট উপস্থাপন ও সারসংক্ষেপ লিখন, লিখন নৈপুণ্য : বৃদ্ধি ও উৎকর্ষ (তাত্ত্বিক), বাংলা ভাষায় গবেষণাপত্র প্রণয়ন : কৌশল ও পদ্ধতি ইত্যাদি।

### সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণ

(১) ‘সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিকদের পাঠদান প্রক্রিয়ায় প্রমিত বাংলা ভাষার ব্যবহার’

শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ২টি ব্যাচে মোট ৫৭ (সাতান্ন) জন প্রধান শিক্ষক/সহকারী শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়।

**(২) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের (ক্ষুদ্র নৃ-গোষ্ঠীয় জাতিসত্তাভুক্ত) শিক্ষকদের প্রশিক্ষণ**

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের (ক্ষুদ্র নৃ-গোষ্ঠীয় জাতিসত্তাভুক্ত) শিক্ষকদের পাঠদান প্রক্রিয়ায় প্রমিত বাংলা ভাষার ব্যবহার' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ১টি ব্যাচে মোট ২৬ (ছাব্বিশ) জন প্রধান শিক্ষক/সহকারী শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়।



৮-১২ অক্টোবর ২০১৭ অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী ও ইনস্টিটিউটের কর্মকর্তাবৃন্দ



২০-২৪ মে ২০১৮ অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী, ইনস্টিটিউটের কর্মকর্তাবৃন্দ ও ইউনেস্কো ঢাকা অফিস প্রধান বিয়েট্রিস কালডুন

প্রশিক্ষণের বিষয় ছিল: বাংলাভাষার উদ্ভব, বিকাশ ও প্রমিত বাংলা ভাষা ব্যবহারের প্রায়োগিক পরিস্থিতি, বাংলা উচ্চারণ ও আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার ব্যবহার এবং লিখনবিধির সাহায্যে বাংলা শব্দের উচ্চারণ নির্দেশ; প্রমিত বাংলা উচ্চারণ (ব্যবহারিক), প্রমিত বাংলা বানানের নিয়ম, উপযুক্ত বিরামচিহ্নের ব্যবহার, বাংলা থেকে ইংরেজিতে প্রতিবর্ণীকরণ (transliteration), বাংলাদেশের নৃতাত্ত্বিক জনগোষ্ঠী ও বাংলাভাষা, লিখন নৈপুণ্য : বৃদ্ধি ও উৎকর্ষ (তাত্ত্বিক ও ব্যবহারিক) তথ্যপ্রযুক্তির মাধ্যমে শ্রেণিকক্ষে পাঠদান প্রক্রিয়ায় বাংলা ভাষার ব্যবহার প্রভৃতি।

**সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণ**

'সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের পাঠদান প্রক্রিয়ায় প্রমিত বাংলা ভাষার ব্যবহার' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ৩টি ব্যাচে মোট ৮৪ (চুরাশি) জন সহকারী শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়।

প্রশিক্ষণের বিষয় ছিল: বাংলাভাষার উদ্ভব, বিকাশ ও প্রমিত বাংলা ভাষা ব্যবহারের প্রায়োগিক পরিস্থিতি, বাংলা উচ্চারণ ও আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার ব্যবহার এবং লিখনবিধির সাহায্যে বাংলা শব্দের উচ্চারণ নির্দেশ, প্রমিত বাংলা উচ্চারণ (ব্যবহারিক), প্রমিত বাংলা বানানের নিয়ম, উপযুক্ত বিরামচিহ্নের ব্যবহার, বাংলা থেকে ইংরেজিতে প্রতিবর্ণীকরণ (transliteration) বাংলাদেশের নৃতাত্ত্বিক জনগোষ্ঠী ও বাংলা ভাষা, লিখন নৈপুণ্য : বৃদ্ধি ও উৎকর্ষ (তাত্ত্বিক ও ব্যবহারিক), তথ্যপ্রযুক্তির মাধ্যমে শ্রেণিকক্ষে পাঠদান প্রক্রিয়ায় বাংলা ভাষার ব্যবহার, বাংলাভাষায় সৃজনশীল প্রশ্ন প্রণয়ন-কৌশল প্রভৃতি।



২২-২৬ অক্টোবর ২০১৭ অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব মোঃ মহিউদ্দীন খান এবং ইনস্টিটিউটের কর্মকর্তাবৃন্দ

## প্রকাশনা

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক নিম্নোক্ত প্রকাশনাসমূহ মুদ্রিত হয়:

| ক্রম | প্রকাশনার নাম | বর্ষ/সংখ্যা | তারিখ |
|---|---|---|---|
| ১ | *Mother Language* journal | Vol. 1, No.1 | December 2017 |
| ২ | বার্ষিক প্রতিবেদন ২০১৬-১৭ | - | ২৮ নভেম্বর ২০১৭ |
| ৩ | 'সিলেট অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা' শীর্ষক কর্মশালার প্রতিবেদন | - | ৩০ জুলাই ২০১৭ |
| ৪ | 'বরিশাল অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা' শীর্ষক কর্মশালার প্রতিবেদন | - | ২৪ আগস্ট ২০১৭ |
| ৫ | স্মরণিকা: আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ | | ২১ ফেব্রুয়ারি ২০১৮ |
| ৬ | *মাতৃভাষা বার্তা* (বাংলা) | ৪র্থ বর্ষ : ২য় সংখ্যা | ২০ মে-আগস্ট ২০১৭ |
| ৭ | *মাতৃভাষা বার্তা* (বাংলা) | ৪র্থ বর্ষ : ৩য় সংখ্যা, ৫ম বর্ষ : ১ম সংখ্যা | ৫ এপ্রিল ২০১৮ |
| ৮ | 'রাজশাহী অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা' শীর্ষক কর্মশালার প্রতিবেদন | - | জুন ২০১৮ |
| ৯ | 'চট্টগ্রাম অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা' শীর্ষক কর্মশালার প্রতিবেদন | - | জুন ২০১৮ |
| ১০ | *মাতৃভাষা* গবেষণা পত্রিকা | ৪র্থ বর্ষ : ১ম সংখ্যা | জুন ২০১৮ |

## আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়) ৩০ জুন ২০১৮ সমাপ্ত হয়। প্রকল্পটির আওতায় ৪র্থ তলা থেকে ৬ষ্ঠ তলা পর্যন্ত অবকাঠামো নির্মিত হয়েছে। অভ্যন্তরীণ সাজ-সজ্জার কাজসহ লাইব্রেরি অটোমেশন, ভাষা-জাদুঘর ও আর্কাইভ ডিজিটাইজেশনের কাজ শেষ হয়েছে।

## বাংলাদেশের নৃভাষাবৈজ্ঞানিক সমীক্ষা কার্যক্রম

বাংলাদেশের নৃভাষাবৈজ্ঞানিক সমীক্ষার মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজ শেষ হয়েছে। ১০ খণ্ড প্রতিবেদনের ১ম খণ্ড মুদ্রণের কাজ সম্পন্ন হয়েছে। ২য় খণ্ডের সম্পাদনা ও প্রুফ সংশোধনের কাজ চলছে। বাকি খণ্ডগুলোর পাণ্ডুলিপি পরামর্শকদের নিকট থেকে প্রাপ্তি সাপেক্ষে প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হবে।

# ২০১৭-২০১৮ অর্থবছরের জুলাই ২০১৭ থেকে জুন ২০১৮ পর্যন্ত ব্যয় বিবরণী

## আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

| কোড নং | খাত/উপখাত | সংশোধিত বরাদ্দ | অবমুক্ত ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি | ব্যয় | অবশিষ্ট |
|---|---|---|---|---|---|
| ৪৫০১ | কর্মরত কর্মকর্তাদের বেতন | ৬০০০০০০.০০ | ৬০০০০০০.০০ | ৪৭১১৮৫৫.০০ | ১২৮৮১৪৫.০০ |
| ৪৬০১ | কর্মচারীদের বেতন | ৩০০০০০০.০০ | ৩০০০০০০.০০ | ১৫৯৪৯২০.০০ | ১৪০৫০৮০.০০ |
| ৪৭০৫ | বাড়িভাড়া ভাতা | ৪০০০০০০.০০ | ৪০০০০০০.০০ | ২৬২৬০৮৮.০০ | ১৩৭৩৯১২.০০ |
| ৪৭০৯ | শ্রান্তি বিনোদন ভাতা | ২০০০০০.০০ | ২০০০০০.০০ | ১৯২৯৯০.০০ | ৭০১০.০০ |
| ৪৭১৩ | উৎসব ভাতা | ১৫০০০০০.০০ | ১৫০০০০০.০০ | ১০২১৭২৭.০০ | ৪৭৮২৭৩.০০ |
| ৪৭১৪ | বাংলা নববর্ষ ভাতা | ২০০০০০.০০ | ২০০০০০.০০ | ১০০৪৪২.০০ | ৯৯৫৫৮.০০ |
| ৪৭১৭ | চিকিৎসা ভাতা | ৪৫০০০০.০০ | ৪৫০০০০.০০ | ৩০০৯৪৩.০০ | ১৪৯০৫৭.০০ |
| ৪৭৩৩ | আপ্যায়ন ভাতা/ব্যয় নিয়ামক ভাতা | ৫০০০০.০০ | ৫০০০০.০০ | ১৭৫৫০.০০ | ৩২৪৫০.০০ |
| ৪৭৫৫ | টিফিন ভাতা | ১০০০০০.০০ | ১০০০০০.০০ | ২৫৪২৫.০০ | ৭৪৫৭৫.০০ |
| ৪৭৬৫ | যাতায়াত ভাতা | ১০০০০০.০০ | ১০০০০০.০০ | ৩৮১৩৮.০০ | ৬১৮৬২.০০ |
| ৪৭৬৯ | অতিরিক্ত কাজের ভাতা | ১০০০০০.০০ | ১০০০০০.০০ | ০.০০ | ১০০০০০.০০ |
| ৪৭৭৩ | শিক্ষা সহায়ক ভাতা | ১৫০০০০.০০ | ১৫০০০০.০০ | ৯১০০০.০০ | ৫৯০০০.০০ |
| ৪৭৯৪ | মোবাইল ভাতা | ৫০০০০.০০ | ৫০০০০.০০ | ১৯৩০০.০০ | ৩০৭০০.০০ |
| ৪৭৯৫ | অন্যান্য ভাতা | ১৫০০০০০.০০ | ১৫০০০০০.০০ | ৬০০০০০.০০ | ৯০০০০০.০০ |
| ৪৮০১ | ভ্রমণ ব্যয় | ৯৪০০০০০.০০ | ৯৪০০০০০.০০ | ২৬৩৬৪৪৮.০০ | ৬৭৬৩৫৫২.০০ |
| ৪৮০৫ | ওভার টাইম | ৫০০০০০.০০ | ৫০০০০০.০০ | ২২০৭৬৪.০০ | ২৭৯২৩৬.০০ |
| ৪৮১০ | পৌর কর | ৫০০০০.০০ | ৫০০০০.০০ | ২৮৮০.০০ | ৪৭১২০.০০ |
| ৪৮১১ | ভূমি কর | ৫০০০০.০০ | ৫০০০০.০০ | ৬১৮০.০০ | ৪৩৮২০.০০ |
| ৪৮১৬ | টেলিফোন টেলিগ্রাম | ৩০০০০০.০০ | ৩০০০০০.০০ | ১১৩৩৯১.০০ | ১৮৬৬০৯.০০ |
| ৪৮১৭ | ইন্টারনেট/ট্রেলেক্স/ফ্যাক্স | ৫০০০০০.০০ | ৫০০০০০.০০ | ৩৮৩৭২৪.০০ | ১১৬২৭৬.০০ |
| ৪৮১৯ | পানি | ৭০০০০০.০০ | ৭০০০০০.০০ | ২৮২৬৩৭.০০ | ৪১৭৩৬৩.০০ |

| কোড নং | খাত/উপখাত | সংশোধিত বরাদ্দ | অবমুক্ত ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি | ব্যয় | অবশিষ্ট |
|---|---|---|---|---|---|
| ৪৮২১ | বিদ্যুৎ | ৩০০০০০০.০০ | ৩০০০০০০.০০ | ২৫৩৬৬০৬.০০ | ৪৬৩৩৯৪.০০ |
| ৪৮২২ | গ্যাস ও জ্বালানি | ৬০০০০০.০০ | ৬০০০০০.০০ | ৩৫৪৮৪৮.০০ | ২৪৫১৫২.০০ |
| ৪৮২৩ | পেট্রোল ও লুব্রিক্যান্ট | ৬০০০০০.০০ | ৬০০০০০.০০ | ২৪৬১৮১.০০ | ৩৫৩৮১৯.০০ |
| ৪৮২৭ | মুদ্রণ ও প্রকাশনা | ১৫০০০০০.০০ | ১৫০০০০০.০০ | ৪২৯৬৩৩.০০ | ১০৭০৩৬৭.০০ |
| ৪৮২৮ | স্টেশনারি দ্রব্যাদি | ৩০০০০০.০০ | ৩০০০০০.০০ | ২৯৯৪৩৮.০০ | ৫৬২.০০ |
| ৪৮২৯ | গবেষণা ব্যয় | ১৭৮৩৯০০০.০০ | ১০০০০০০.০০ | ১৯৫৮৯৭.০০ | ৮০৪১০৩.০০ |
| ৪৮৩১ | বইপত্র ও সাময়িকী | ৩০০০০০.০০ | ৩০০০০০.০০ | ২৯৮৬৮০.০০ | ১৩২০.০০ |
| ৪৮৩৩ | প্রচার ও বিজ্ঞাপন | ৬০০০০০.০০ | ৬০০০০০.০০ | ৬৯৫০০.০০ | ৫৩০৫০০.০০ |
| ৪৮৩৬ | ইউনিফর্ম | ১০০০০০.০০ | ১০০০০০.০০ | ৭২৭৬৫.০০ | ২৭২৩৫.০০ |
| ৪৮৪০ | প্রশিক্ষণ ব্যয় | ৩০০০০০০.০০ | ৩০০০০০০.০০ | ২৮২২১৭৮.০০ | ১৭৭৮২২.০০ |
| ৪৮৪২ | সেমিনার, কনফারেন্স | ১৫০০০০০.০০ | ১৫০০০০০.০০ | ৪৬৬০০০.০০ | ১০৩৪০০০.০০ |
| ৪৮৪৫ | আপ্যায়ন ব্যয় | ১৫০০০০.০০ | ১৫০০০০.০০ | ১০৭০২২.০০ | ৪২৯৭৮.০০ |
| ৪৮৫১ | শ্রমিক মজুরি | ৫০০০০.০০ | ৫০০০০.০০ | ২৩৩০০.০০ | ২৬৭০০.০০ |
| ৪৮৮১ | নিরাপত্তা প্রহরী | ১৮০০০০০.০০ | ১৮০০০০০.০০ | ০.০০ | ১৮০০০০০.০০ |
| ৪৮৮৩ | সম্মানী ভাতা/ফি/পারিশ্রমিক | ২৫০০০০.০০ | ২৫০০০০.০০ | ৪৮৪০০.০০ | ২০১৬০০.০০ |
| ৪৮৮৮ | কম্পিউটার সামগ্রী | ৬০০০০০.০০ | ৬০০০০০.০০ | ৬৫৯৭৫৫.০০ | -৫৯৭৫৫.০০ |
| ৪৮৯০ | অনুষ্ঠান উৎসবাদি | ৫০০০০০০.০০ | ৫০০০০০০.০০ | ৩৫৬১৯০৫.০০ | ১৪৩৮০৯৫.০০ |
| ৪৮৯৯ | অন্যান্য | ৫০০০০০০.০০ | ৫০০০০০০.০০ | ২৮৪১৭৬০.০০ | ২১৫৮২৪০.০০ |
| ৪৯০১ | মটরযান মেরামত | ৫০০০০০.০০ | ৫০০০০০.০০ | ২৫৫৫৯০.০০ | ২৪৪৪১০.০০ |
| ৪৯১১ | কম্পিউটার ও অফিস সরঞ্জাম মেরামত | ২০০০০০.০০ | ২০০০০০.০০ | ১১১৪৩৫.০০ | ৮৮৫৬৫.০০ |
| ৪৯৩১ | অন্যান্য ভবন ও স্থাপনা (অডিটোরিয়াম ও গেস্টরুম) | ৫০০০০০.০০ | ৫০০০০০.০০ | ২২৫৫০.০০ | ৪৭৭৪৫০.০০ |
| ৬৮১৫ | কম্পিউটার ও যন্ত্রাংশ ক্রয় | ৪০০০০০.০০ | ৪০০০০০.০০ | ৩০০০০০.০০ | ১০০০০০.০০ |

| কোড নং | খাত/উপখাত | সংশোধিত বরাদ্দ | অবমুক্ত ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি | ব্যয় | অবশিষ্ট |
|---|---|---|---|---|---|
| ৬৮২১ | আসবাবপত্র | ১৫০০০০.০০ | ১৫০০০০.০০ | ৬৩৮২৬.০০ | ৮৬১৭৪.০০ |
| | সর্বমোট= | ৭২৮৩৯০০০.০০ | ৫৬০০০০০০.০০ | ৩০৭৭৩৬৭১.০০ | ২৫২২৬৩২৯.০০ |

## আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়)

### ২০১৭-২০১৮ অর্থবছরের জুলাই ২০১৭ থেকে জুন ২০১৮ পর্যন্ত ব্যয় বিবরণী

| কোড নং | খাত/উপখাত | সংশোধিত বরাদ্দ | জুলাই/১৭ থেকে জুন/১৮ পর্যন্ত ব্যয় | অবশিষ্ট |
|---|---|---|---|---|
| ৪৫০১ | কর্মরত কর্মকর্তাদের বেতন | ১৯০০০০০.০০ | ৪০৮১২০.০০ | ১৪৯১৮৮০.০০ |
| ৪৬০১ | কর্মচারীদের বেতন | ৪০০০০০.০০ | ১৩২০০০.০০ | ২৬৮০০০.০০ |
| ৪৭০৫ | বাড়িভাড়া ভাতা | ১১০০০০০.০০ | ৩০৩৬৭২.০০ | ৭৯৬৩২৮.০০ |
| ৪৭০৯ | শ্রান্তি বিনোদন ভাতা | ১০০০০০.০০ | ০.০০ | ১০০০০০.০০ |
| ৪৭১৩ | উৎসব ভাতা | ২০০০০০.০০ | ৯৯০২২.০০ | ১০০৯৭৮.০০ |
| ৪৭১৭ | চিকিৎসা ভাতা | ১০০০০০.০০ | ৩৬০০০.০০ | ৬৪০০০.০০ |
| ৪৭৫৫ | টিফিন ভাতা | ১০০০০০.০০ | ২৪০০.০০ | ৯৭৬০০.০০ |
| ৪৭৬৫ | যাতায়াত ভাতা | ১০০০০০.০০ | ৩৬০০.০০ | ৯৬৪০০.০০ |
| ৪৭৭৩ | শিক্ষা সহায়ক ভাতা | ১০০০০০.০০ | ১২০০০.০০ | ৮৮০০০.০০ |
| ৪৭৯৫ | অন্যান্য ভাতা | ২০০০০০.০০ | ০.০০ | ২০০০০০.০০ |
| ৪৮০১ | ভ্রমণ ব্যয় | ২০০০০০০.০০ | ০.০০ | ২০০০০০০.০০ |
| ৪৮০৫ | ওভার টাইম | ২০০০০০.০০ | ১৮১৪৫৭.০০ | ১৮৫৪৩.০০ |
| ৪৮২২ | গ্যাস ও জ্বালানি | ১০০০০০.০০ | ৬২৯২৪.০০ | ৩৭০৭৬.০০ |
| ৪৮২৩ | পেট্রোল ও লুব্রিক্যান্ট | ৫০০০০.০০ | ২৯৬৮৫.০০ | ২০৩১৫.০০ |
| ৪৮২৮ | স্টেশনারি দ্রব্যাদি | ৫০০০০.০০ | ৪৯৯৪৩.০০ | ৫৭.০০ |

| কোড নং | খাত/উপখাত | সংশোধিত বরাদ্দ | জুলাই/১৭ থেকে জুন/১৮ পর্যন্ত ব্যয় | অবশিষ্ট |
|---|---|---|---|---|
| ৪৮৩১ | বই ও জার্নাল | ১৫০০০০০০.০০ | ৯৭৩৯৬৫৩.০০ | ৫২৬০৩৪৭.০০ |
| ৪৮৩৩ | প্রচার ও বিজ্ঞাপন | ১৫০০০০.০০ | ১৩৭৯৮২.০০ | ১২০১৮.০০ |
| ৪৮৩৬ | ইউনিফর্ম | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪৮৪৫ | আপ্যায়ন ব্যয় | ৩০০০০.০০ | ২৯৩৯৫.০০ | ৬০৫.০০ |
| ৪৮৫১ | শ্রমিক মজুরি | ২০০০০.০০ | ৩৬০০.০০ | ১৬৪০০.০০ |
| ৪৭৭৪ | পরামর্শক (আর্কাইভ) | ৬৬০০০০০.০০ | ০.০০ | ৬৬০০০০০.০০ |
| ৪৭৭৪ | পরামর্শক (সিভিল) | ১৩০০০০০.০০ | ৮২০০০০.০০ | ৪৮০০০০.০০ |
| ৪৮৮৩ | সম্মানী | ২০০০০০.০০ | ২১৯৫০০.০০ | -১৯৫০০.০০ |
| ৪৮৮৮ | কম্পিউটার সামগ্রী | ৫০০০০.০০ | ৪৯২০০.০০ | ৮০০.০০ |
| ৪৮৯৯ | অন্যান্য | ২৩৫০০০০.০০ | ২১২৪২৮২.০০ | ২২৫৭১৮.০০ |
| ৪৯০১ | মটরযান মেরামত | ২০০০০০.০০ | ৭৮৮৪৩.০০ | ১২১১৫৭.০০ |
| ৪৯১১ | কম্পিউটার ও অফিস সরঞ্জাম মেরামত | ১০০০০০.০০ | ৮৭৮০০.০০ | ১২২০০.০০ |
| ৬৮০৭ | যানবাহন | ২০০০০০.০০ | ০.০০ | ২০০০০০.০০ |
| ৬৮১৩ | ল্যাঙ্গুয়েজ ইকুইপমেন্ট, লাইব্রেরি অটোমেশন ইকুইপমেন্ট | ৩০০০০০০০.০০ | ২৬৮৯২৪৫৩.০০ | ৩১০৭৫৪৭.০০ |
| ৬৮১৫ | ল্যাঙ্গুয়েজ ল্যাব ও কম্পিউটার ল্যাব | ১৫০০০০০০.০০ | ০.০০ | ১৫০০০০০০.০০ |
| ৬৮১৭ | কম্পিউটার সফটওয়্যার | ২১৫০০০০.০০ | ০.০০ | ২১৫০০০০.০০ |
| ৬৮২১ | আসবাবপত্র | ২০০০০০০০.০০ | ১৪২১৬৩৭৯.০০ | ৫৭৮৩৬২১.০০ |
| ৬৮২৩ | টেলিকমিউনিকেশন অ্যান্ড ডাটাবেস | ১৭৮৫০০০০.০০ | ০.০০ | ১৭৮৫০০০০.০০ |
| ৬৮৪৯ | মিউজিয়াম ও আর্কাইভ স্থাপন | ৮২০০০০০.০০ | ৮২০০০০০.০০ | ০.০০ |
| ৭০০৬ | অফিস ভবন নির্মাণ | ২১৭০০০০০.০০ | ১৫২৬০২৫৯.০০ | ৬৪৩৯৭৪১.০০ |
| ৭০৫৬ | সোলার প্যানেল | ১০০০০০০০.০০ | ০.০০ | ১০০০০০০০.০০ |
| ৭০৮১ | অন্যান্য | ৫০০০০০.০০ | ০.০০ | ৫০০০০০.০০ |
| | সর্বমোট ব্যয় = | ১৫৮৩০০০০০.০০ | ৭৯১৮০১৬৯.০০ | ৭৯১১৯৮৩১.০০ |

United Nations
Educational, Scientific and
Cultural Organization

## আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

ইউনেস্কো ক্যাটিগরি-২ ইনস্টিটিউট

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা ১০০০